



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

পত্র নং : ৩৩৬৩


তারিখ : ১৭/০৫/২০২৬ খ্রি.

বিষয়: ২০২৬ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার ঢাকা জেলার ধামরাই থানায় অবস্থিত কৈলাশ চন্দ্র উচ্চ বিদ্যালয়ের একজন নিয়মিত ছাত্র কে প্রথম তিন বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে না দেওয়া প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, কৈলাশ চন্দ্র উচ্চ বিদ্যালয় ধামরাই এর একজন নিয়মিত ছাত্র, মোঃ রায়হান, পিতা- মোঃ গোলাম হোসেন, রোল: ৩০৪২৮০, রেজি: ২৩১০৮৭২৬৪১ পরীক্ষার কেন্দ্র: ভালুম (ভালুম আতাউর রহমান খান উচ্চ বিদ্যালয়), কেন্দ্র কোড-১২৫। উক্ত শিক্ষার্থী কে বাংলা ১ম পত্র, বাংলা ২য় পত্র এবং ইংরেজি ১ম পত্র ০৩ (তিন) বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেওয়া হয়নি কিন্তু তার পরীক্ষা দেওয়ার আইনগত অধিকার রয়েছে। আমরা একুশে টেলিভিশন এর মাধ্যমে উক্ত পরীক্ষার্থীর বিষয়টি জানতে পেরেছি। নিম্নবর্ণিত তিন সদস্য বিশিষ্ট কমিটি/আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে উপরোক্ত দুই প্রতিষ্ঠানে তদন্তপূর্বক পরিদর্শন করে প্রতিবেদন প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

- |  |         |
|--|---------|
| ১. জনাব মোহাম্মদ ছানাউল্লাহ, উপ-কলেজ পরিদর্শক<br>মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা              | আহবায়ক |
| ২. জনাব মোঃ শামিম হাওলাদার সবুজ, সহকারী বিদ্যালয় পরিদর্শক<br>মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা | সদস্য   |
| ৩. জনাব এ, বি, এম নিজাম উদ্দিন, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক<br>মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা  | সদস্য   |

চেয়ারম্যানের আদেশক্রমে

  
১৭/০৫/২০২৬  
প্রফেসর এস এম কামাল উদ্দিন হায়দার  
পরীক্ষা নিয়ন্ত্রক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন : ০২-২২৩৩৬৯৮১৫

কার্যার্থে:

- ১। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ধামরাই, ঢাকা।
- ২। কেন্দ্র সচিব, কেন্দ্র কোড: ১২৫, ভালুম আতাউর রহমান খান উচ্চ বিদ্যালয়, ধামরাই, ঢাকা।
- ৩। প্রধান শিক্ষক, কৈলাশ চন্দ্র উচ্চ বিদ্যালয়, ধামরাই, ঢাকা।
- ৪। পিএসটি চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। অফিস কপি।